

২০২২

বাংলা

(প্রেগ্রাম)

ল্যাঙ্গুয়েজ কোর কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেষ্টার

কোর্স কোড : BNG-G-LCC-T-2

(কবিতা, নাটক ও ছোটগল্প)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ১০-১১

পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘বঙ্গভূমির প্রতি’, কবিতার সূচনাতে কোন্ কবির কোন্ লাইনটি উল্লেখ আছে?
- খ) ‘সোনার তরী’ কবিতাটি কার কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটির রচনাকাল উল্লেখ করো।

- গ) ‘বনলতা সেন’ কবিতায় প্রাচীন ভারতবর্ষের কোন্ কোন্ ঐতিহাসিক স্থানের কথা উল্লেখিত হয়েছে?
- ঘ) ‘মুক্তধার’ নাটকের প্রকাশকাল উল্লেখ করো। এর ইংরেজি অনুবাদের নাম লেখো।
- ঙ) “ঠাকুর, বউ গেলে বউ পাইব, কিন্তু আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না” —আলোচ্য অংশটি কার লেখা কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? বক্তা কে?
- চ) “দেবতার ফুল অপাত্রে নষ্ট করো না” —আলোচ্য অংশটি কার কোথা থেকে নেওয়া হয়েছে? কে কাকে কথাগুলো বলেছে?
- ছ) “পান খেল এই মাত্র” —কে পান খেলো? কোথায়?
- জ) ‘ভাত দে’ আলোচ্য অংশটি কার লেখা কোথা থেকে নেওয়া হয়েছে? কে কাকে একথা বলেছেন?
- ঝ) “এতদিন কোথায় ছিলেন?” —কে কাকে একথা বলেছে?
- ঝঃ) “চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা” —‘বিদিশা’ কার কোন্ কাব্যে উল্লেখ পাওয়া যায়?
- ঠ) ‘সুরেশবাবু’ —চরিত্রটি কোন্ গল্পে আছে? তার পেশা কী ছিল?
- ঠ) ‘শাস্তি’ গল্পটি কত বঙ্গাদে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- ড) “হাকিম তাহার কথা বিশ্বাস করিলেন না” ? —হাকিম কার কোন্ কথা বিশ্বাস করলেন না?

- ঢ) ‘বঙ্গভূমির প্রতি’ কবিতায় কোন্ কোন্ খাতুর উল্লেখ পাওয়া
যায় ?
- গ) ‘মুক্তধারা’ নাটকের “জয়ভৈরব। জয়শক্ষর”—স্তোত্র
গান্টি কতবার ব্যবহৃত হয়েছে ?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$
- ক) ‘মধুহীন করো নাগো তব মনঃ কোকনদে !’—উদ্ধৃতাংশটি
কার লেখা কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ?
উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।
- খ) ‘খগেনবাবু’ চরিত্রের শুরুত্ব বুঝিয়ে দাও।
- গ) “একদিকে অভ্রভেদি লৌহযন্ত্র, অন্যদিকে ভৈরবমন্দির
চূড়ার ত্রিশূল।”—এই দুটি রূপকল্পের মধ্যে যান্ত্রিকতা ও
মানবতার যে লড়াই ‘মুক্তধারা’ নাটকে প্রস্ফুটিত হয়েছে
তা আলোচনা করো।
- ঘ) ‘অতিথি’ গল্পের নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও।
- ঙ) ‘আমি ক্লাস্ট প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র
সফেন।’—কার লেখা কোন্ কবিতার অংশ ? তাৎপর্য
বিশ্লেষণ করো।
- চ) ‘মুক্তধারা’ নাটকের ‘শুরুমশাই’ চরিত্রের উপযোগিতা
বুঝিয়ে দাও।
- ছ) “দেখে যেন মনে হয় চিনি উহারে”—আলোচ অংশটি
কার লেখা কোথা থেকে নেওয়া হয়েছে ? বক্তার এইরূপ
মনে হবার কারণ ব্যাখ্যা করো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) ‘শাস্তি’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- খ) রূপক-সাংকেতিক নাটক হিসেবে ‘মুক্তধারা’ নাটকটি কতটা
সাফল্য অর্জন করেছে তা বুঝিয়ে দাও।
- গ) ছোটগল্প হিসেবে সত্যজিৎ রায়ের ‘অতিথি’ গল্পটি কতটা
শিল্পসার্থকতা লাভ করেছে তার পরিচয় দাও।
- ঘ) “প্রেমচেতনা, প্রকৃতি চেতনা ও ইতিহাস চেতনার এক
নিবিড় মেলবন্ধনে বনলতা সেন কবিতাটি হয়ে উঠেছে
আধুনিক যুগের এক মাইলস্টোন”—আলোচনা করো।
-